

নব আলোকে বাংলা

সম্পাদকীয় ছন্দাবলী - ২

ঈশ্বর জীও আল্লা
গুণ টেনেছেন পাল্লা
আর বাকী সব আশীষ
বরষিছে অনিঃশেষ

আমরা অভিজ্ঞত সকল ভালবাসার পাঠককূলের সাড়া পেয়ে
প্রথম সঙ্খ্যা নব আলোকে বাংলা'র সাম্পান চলেছে বেয়ে
কতমানুষ এসেছেন, দেখেছেন, পড়েছেন লেখা পাঠিয়েছেন
নব আলোকে বাংলা'র নৌকো'র পালে হাওয়া বইয়েছেন
এ' হাওয়ার গতি বাড়ুক আরও বাড়ুক নামী অনামী গুণীদের আসা
এখান থেকে যাওয়া নেই শুধু একসাথে আপন ভাষাকে ভালবাসা

আমরা মাতৃ ভাষা পেয়েছিলাম উত্তরাধিকার সুত্রে - তাকে ভালবাসি
আমরা অঙ্গীকারবদ্ধ আমাদের বোধের কাছে - বারে বারে তার কাছে আসি
আমাদের ইচ্ছা ও আশা যে আমরা আমাদের লেখায় উচ্চ গুণমান প্রকাশি

আসুন সবাই আসুন এই নব আলোকে বাংলা মঞ্চে
বাংলায় লিখি, পড়ি, বলি - সুর, তাল, লয় ও ছন্দে
নব আলোকে বাংলা এগোবে নব রূপে নব আনন্দে ।

এই সঙ্খ্যায় আছে গল্প, কবিতা, প্রবন্ধ, ছবি, নাটক ও আপনাদের ভালবাসা
নব আলোকে বাংলায় লিখুন, এর কথা বলুন, গড়ে তুলুন প্রাণের ভাল বাসা

বাংলায় লেখা বাংলায় শেখা বাংলায় দেখা ব্যাস্ততার পায়ে পায়ে
আমাদের দ্বিতীয় সঙ্খ্যা বেরোল নতুন আলো ফোটাবার অভিপ্রায়ে

আপনাদের
সুপ্রতীক অরূপ
সম্পাদক

মহালয়া, তেসরা অক্টোবর, ২০০৭

aroop_g@nauba-aloke-bangla.com

aroop@proxlence.net